

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৪.২০১৬-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব শাহীন আফরোজ, প্রশিক্ষক(পোশাক), যুব উন্নয়ন অধিদপ্তর, বি-বাড়িয়া(বান্দরবান পার্বত্য জেলায় বদলীর আদেশাধীন)-এর বিরুদ্ধে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করা এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে অত্র দপ্তরের ১৫-০২-২০১৬ খ্রিঃ তারিখে ৪৮ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন। তবে জবাবে তিনি ব্যক্তিগত শুনানী প্রার্থনা না করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়নি। বিধি মোতাবেক মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হয়।

০৩। যেহেতু, ইতোপূর্বে তাকে গাজীপুর জেলা কার্যালয় হতে বদলী করা হলে তিনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করায় তার বিরুদ্ধে অপর একটি বিভাগীয় মামলা চালু করে দপ্তরোপ করা হয়। উক্ত মামলা চলমান অবস্থায় তাকে বান্দরবান পার্বত্য জেলায় বদলি করা হলে তিনি কর্মস্থলে যোগদান না করায় তার বিরুদ্ধে বর্তমান বিভাগীয় মামলা চালু করা হয়। যেহেতু, একই ধরনের অভিযোগে ইতোপূর্বে তাকে বিভাগীয় মামলায় শাস্তি দেয়া হয়েছে এবং উক্ত বিভাগীয় মামলা চলমান অবস্থায় আবার তাকে বদলী করা হয়েছে। সেহেতু, বর্তমান বিভাগীয় মামলায় তাকে শাস্তি দেয়া হলে তা ন্যায়বিচারের পরিপন্থী হবে মর্মে প্রতীয়মান হয়।

০৪। এমতাবস্থায় যেহেতু, তদন্ত প্রতিবেদন বিবেচনা, ইতোপূর্বে একই অভিযোগে শাস্তি আরোপ এবং নথি পর্যালোচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) সেহেতু, এক্ষণে শাহীন আফরোজ, প্রশিক্ষক(পোশাক)-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো;
খ) একই সাথে ভবিষ্যতের জন্য তাকে সতর্ক করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৪/২/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৪.২০১৬-৬২৫

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বি-বাড়িয়া/বান্দরবান পার্বত্য জেলা(বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বি-বাড়িয়া/বান্দরবান পার্বত্য জেলা।
- ০৬। জনাব শাহীন আফরোজ, প্রশিক্ষক(পোশাক), যুব উন্নয়ন অধিদপ্তর, বি-বাড়িয়া(বদলী আদেশাধীন-বান্দরবান পার্বত্য জেলা)।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
ফোন : ৯৫৫১৮৫৯